# শিবচর উপজেলা পরিষদের ২০২৩ সনের ৭ম (জুলাই) মাসের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আঃ লতিফ মোল্লা<br>উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ৩০-৮-২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত</u>

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ জনাব মোঃ রাজিবুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর** সভার শুরুতে ১৯৭৫ সালের ১৫ আগস্ট শাহাদত বরণকারী স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর সহধর্মিণী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এবং তাঁর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালসহ সকল শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত ২৭-৭-২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচি-০২। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ**

**(ক) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, আগস্ট/২০২৩ মাসে শিবচর হাসপাতালে মোট ২৮১জন ডেঙ্গু রোগী ছিল। তার মধ্যে ২৫৬ জন সুস্থ হয়ে বাড়ী গিয়েছেন। ২৫জন ডেঙ্গু রোগীকে রেফার করা হয়েছে। হাসপাতালে সর্বমোট ৪৬২জন ডেঙ্গু রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। তিনি আরোও জানান যে, জরায়ু মুখ ক্যান্সার প্রতিরোধের জন্য সরকার আগামী ০৪/১০/২০২৩ তারিখ হতে ইপিআই কার্যক্রমের সাথে ১০-১৪ বছর বয়সী সকল মেয়েদেরকে HPV( Human Papilloma Vaccine) এর টিকা প্রদান করা হবে। তিনি আরোও বলেন যে, জরায়ু মুখ ও স্তন ক্যান্সার সনাক্তকরণের জন্য সকল পরীক্ষা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবচরে বিনামূল্যে করা হচ্ছে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর নিয়মিত ডেঙ্গু রোগীর রিপোর্ট প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান।এছাড়া ডেঙ্গু রোগ প্রতিরোধের বিষয়ে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধির জন্য তিনি সংশ্লিষ্টদের অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(খ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বাংলাদেশের বিভিন্ন জেলায় গবাদী পশুর ল্যাম্পি (LSD) স্কীন রোগ দেখা যাচ্ছে। এ বিষয়ে সকলকে সচেতনতা বৃদ্ধি করার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরো জানান যে, শিবচরে কোন খামারে এ রোগ দেখা দিলে দ্রুত প্রাণি সম্পদ অফিসে যোগাযোগ করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়া পশু ও হাঁস-মুরগীর চিকিৎসা সেবা ও ভ্যাকসিনসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(গ) উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে খরিপ মৌসুমে প্রণোদনার আওতায় ১২টি ইউনিয়নে ১২০জন কৃষককে ৫০ কেজি বীজ, ২ বস্তা DAP , ১ বস্তা MOP সার বিনামূল্যে বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঘ) এল,জি,ই,ডি বিভাগ ঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর দ্রুত উন্নয়ন প্রকল্পের কাজের তালিকা দেয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

CamScanner

**(ঙ) প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, প্রাইমারী স্কুলগুলোতে পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান চলছে। মা সমাবেশ ও অভিভাবক সমাবেশ করে স্কুলের শিক্ষার্থীদের উপস্থিতির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি আরোও বলেন যে, প্রত্যেক প্রাইমারী স্কুলে কাবিং কার্যক্রম জোরদার করা হয়েছে এবং দ্বিতীয় প্রান্তিক মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(চ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভায় জানান যে, ষষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত পরীক্ষা চলমান রয়েছে। ষষ্ঠ থেকে দশম শ্রেণী ছাত্রীদের ফলিক এসিড ট্যাবলেট বিতরণ চলছে। তিনি আরো বলেন যে, ৫০তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা সফলভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ছ) উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বিভিন্ন উম্মুক্ত/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনা অবমুক্ত কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তিনি আরোও বলেন যে, ইউনিয়নে পোনা অবমুক্ত কার্যক্রম সফলতার জন্য ইউনিয়ন পরিষদের নিকট থেকে বিভিন্ন উম্মুক্ত জলাশয় এবং প্রাতিষ্ঠানিক জলাশয়ের নাম ও তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। তিনি জানান যে, জেলেদের বিকল্প কর্মসংস্থানের উপকরণ বিতরণের জন্য সুফল ভোগীদের তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট পত্র দেয়া হয়েছে। পত্রের উল্লিখিত বিভিন্ন শর্ত অনুযায়ী উপকরণ বিতরণের জন্য সুফল ভোগীদের তালিকা দ্রুত প্রেরণের জন্য অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(জ) উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, বয়স্ক ও প্রতিবন্ধীদের ভাতা আগামী ১০ তারিখ পর্যন্ত অন লাইনে আবেদন করা যাবে। তিনি আরোও বলেন যে, যে ব্যক্তি মারা গেছে, তার মৃত সনদ দিতে হবে। কিন্তু পরিবারের লোক মৃত সনদ দিতে আগ্রহী নন। তবে মৃত সনদ না দিলে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের প্রত্যয়ন দাখিল করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঝ) উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে শিবচর উপজেলায় ০১টি পৌরসভাও ১৮টি ইউনিয়নে মোট ১০২টি ভোট কেন্দ্রের তালিকা চূড়ান্ত করা হয়েছে। উক্ত ভোট কেন্দ্রের যাতায়াত ব্যবস্থাসহ বাস্তব অবস্থা সম্পর্কে তদারকি করে প্রতিবেদন দাখিল করার জন্য মেয়র ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঞ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ট) পল্লী বিদ্যুৎ বিভাগঃ** এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য লাইনের আশে পাশে গাছের ডাল পালা কর্তন করা হচ্ছে। এ কারণে বিদ্যুৎ কিছুটা সময় বন্ধ রাখা হচ্ছে। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঠ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে অবহিত করেন যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

CamScanner

**(ড) উপজেলা ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে বলেন যে, টি,আর/কাবিখা/কাবিটা ও অন্যান্য প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**(ঢ) উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ণ) উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক , শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচির সেপ্টেম্বর ও অক্টোবর/২০২৩ মাসের মাস্টার রোলের বাইরে যে সকল নাম বাদ পড়েছে সেগুলো উদ্যোক্তা যাচাই করতে পারছে না মূলত সে ভোক্তারা আসে না, সেক্ষেত্রে নতুন তালিকা দ্রুত প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। যারা মারা গিয়েছে তাদের তালিকা আগামী ৩০ সেপ্টেম্বর এর মধ্যে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ ছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ত) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, শিবচর বলেন যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(থ) উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , শিবচর সভাকে জানান যে, শিবচর উপজেলায় ২০১৫ সাল থেকে বিদেশ ফেরত ১৮-৩৫ বছর বয়সী যুব/ যুব মহিলাদের তথ্য প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরোও বলেন যে, ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর আওতায় কর্মসংযুক্তির মেয়াদ ৩১/৮/২০২৩ তারিখ শেষ হবে। মেয়াদ সফল ভাবে শেষ হওয়ার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, শিবচর মহোদয়সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এছাড়া তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(দ) উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, প্রতি ৩ মাস অন্তর অন্তর ৩০জন নারীকে সেলাই প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ভিজিডি/ VWB এর আওতায় ২১৯৬ জন দুঃস্থ ও অসহায় গরীব মহিলাদের বিনামূল্যে প্রতিমাসে ৩০ কেজি হারে পুষ্টি চাউল বিতরণ করা হয়। তিনি আরও বলেন যে, অত্র দপ্তরের আওতায় মা ও শিশু সহায়তা কার্যক্রম চলমান আছে। এ ছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ধ) উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ন) উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(প) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ফ) পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

CamScanner

**(ব) ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ** স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর, সভাকে জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর পুরাতন নম্বর পরিবর্তিত হয়ে নতুন ০১৯১০০২১০৩৬ নাম্বার হয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ভ) ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শিবচর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ম) জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান যে,তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(য়) উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(র) উপজেলা আইসিটি অফিসঃ** সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর উপজেলা অফিসসমূহ ও সকল ইউনিয়ন পরিষদের অফিসের ওয়েব পোর্টাল এখনও পর্যন্ত যারা হালনাগাদ করেননি, সে সকল দপ্তর প্রধানগণকে এবং ইউপি চেয়ারম্যানগণকে তার অফিসের স্ব স্ব ওয়েব পোর্টাল সহকারী প্রোগ্রামার এর সহযোগিতায় হালনাগাদ করার জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০১ঃ উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন ও উপজেলা ডরমেটরী ভবন নির্মাণ সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, ২০২৩-২৪ অর্থ বৎসরে অত্র উপজেলাধীন উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন এবং উপজেলা ডরমেটরী ভবন নির্মাণের করা একান্ত প্রয়োজন। যাহার ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুতের জন্য ইতিপূর্বে এলজিইডি'র ডিজাইন শাখায় প্রেরণ করা হয় এবং উক্ত স্কীম ২ (দুই)টির প্রস্তুতকৃত ডিজাইন ও প্রাক্কলন পাওয়া গিয়াছে। তৎপ্রেক্ষিতে, উক্ত স্কীম ২(দুই)টি বাস্তবায়নে ব্যয়ের জন্য মোট=৫,০৭,৭০,৭১৬.০০ (পাঁচ কোটি সাত লক্ষ সত্তর হাজার সাতশত ষোল মাত্র) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সে মোতাবেক উক্ত স্কীম ২ (দুই)টি বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন এবং ব্যয়ের নির্দেশনার লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন।

**স্কীম সমূহ নিম্নরূপ ঃ**

| ক্রমিক নং | স্কীমের নাম | প্রাক্কলিত ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন নির্মাণ। | ১,৯৫,৭৩,৮৮৮.০০ | |
| ২. | উপজেলা ডরমেটরী ভবন নির্মাণ। | ৩,১১,৯৬,৮২৮.০০ | |
| **সর্বমোট=কথায় ঃ- (পাঁচ কোটি সাত লক্ষ সত্তর হাজার সাতশত ষোল) টাকা** | | ৫,০৭,৭০,৭১৬.০০ | |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২৩-২৪ অর্থ বৎসরের উক্ত স্কীম ২ (দুই)টি বাস্তবায়নের নিমিত্তে প্রশাসনিক অনুমোদন এবং ব্যয়ের নির্দেশনার লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করার সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

CamScanner

**বিবিধ আলোচনা-০২ঃ "দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প" এর আওতায় বাহাদুরপুর বাজার ডিপিপিতে অন্তর্ভূক্ত সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, "দেশব্যাপী গ্রমীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প" এর আওতায় ২০২৩-২৪ অর্থ বৎসরে শিবচর উপজেলাধীন পাঁচ্চর ইউনিয়নের বাহাদুরপুর বাজার উন্নয়ন করার লক্ষ্যে ডিপিপিতে অন্তর্ভূক্ত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের সকল সদস্য বাহাদুরপুর বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প ডিপিপিতে অন্তর্ভূক্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, "দেশব্যাপী গ্রমীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প" এর আওতায় ২০২৩-২৪ অর্থ বৎসরে অত্র উপজেলাধীন পাঁচ্চর ইউনিয়নের বাহাদুরপুর বাজার উন্নয়ন করার লক্ষ্যে ডিপিপিতে অন্তর্ভূক্ত করার সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৩ঃ "গ্রামীণ সড়ক পূনর্বাসন প্রকল্প" (VRRP)- এর আওতায় ভদ্রাসন ইউনিয়নের ইউজেডআর-৬, করিম মাদবরের বাড়ী হতে ইউএনআর-১৫ খিতিস সরদার বাড়ী সড়কটি ডিপিপিতে ০.০০মিঃ - ১৬৫০.০০মিঃ অন্তর্ভূক্ত সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, "গ্রামীণ সড়ক পূনর্বাসন প্রকল্প" (VRRP)- এর আওতায় শিবচর উপজেলাধীন ভদ্রাসন ইউনিয়নের ইউজেডআর-৬, করিম মাদবরের বাড়ী হতে ইউএনআর-১৫ খিতিস সরদার বাড়ী সড়কটি ডিপিপিতে ০.০০মিঃ - ১৬৫০.০০মিঃ অন্তর্ভূক্ত আছে। কিন্তু রোড ইনভেন্টরিতে উক্ত রাস্তাটি দৈর্ঘ্য ভুলক্রমে ১৬৫০.০০মিঃ এর স্থলে ৬৫০.০০ মিঃ লিখিত হওয়ায় উন্নয়নের স্বার্থে উক্ত রাস্তাটির দৈর্ঘ্য সংশোধন করা প্রয়োজন। উল্লেখ্য যে, উক্ত রাস্তাটিতে সরেজমিনে পরিদর্শন পূর্বক ১৬৫০.০০ মিঃ পাওয়া যায়।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, **"গ্রামীণ সড়ক পূনর্বাসন প্রকল্প" (VRRP)-** এর আওতায় অত্র শিবচর উপজেলাধীন ভদ্রাসন ইউনিয়নের ইউজেডআর-৬, করিম মাদবরের বাড়ী হতে ইউএনআর-১৫ খিতিস সরদার বাড়ী সড়কটি ডিপিপিতে ০.০০মিঃ - ১৬৫০.০০মিঃ থাকায় উক্ত রাস্তাটির দৈর্ঘ্য ৬৫০.০০ মিঃ এর পরিবর্তে ১৬৫০.০০ মিঃ সংশোধন করার সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৪ঃ ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংস্কার সংক্রান্ত আলোচনাঃ** শিবচর উপজেলাধীন ০৩টি ইউনিয়ন পরিষদ ভবনের মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহা অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে জরুরী ভিত্তিতে প্রেরণ করা একান্ত প্রয়োজন। প্রকল্প স্কীম সমূহ নিম্নরূপ ঃ-

| ক্রমিক নং | উপজেলা | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১. | শিবচর | শিবচর উপজেলাধীন কাদিরপুর ইউনিয়ন পরিষদের ভবন মেরামত ও সংরক্ষণ কাজ। | ৯৯৭৮৮২.০০ |
| ২. | | শিবচর উপজেলাধীন কুতুবপুর ইউনিয়ন পরিষদের ভবন মেরামত ও সংরক্ষণ কাজ। | ৯৯৯৯৩৯.০০ |
| ৩. | | শিবচর উপজেলাধীন বহেরাতলা (দক্ষিণ) ইউনিয়ন পরিষদের ভবন মেরামত ও সংরক্ষণ কাজ। | ৯৯৯২১৪.০০ |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২৩-২৪ অর্থ বৎসরে "ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ" কাজের জন্য ০৩ (তিন)টি স্কীম অনুমোদনের নিমিত্তে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করার সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

CS CamScanner

**বিবিধ আলোচনা-০৫ঃ উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)-এর আওতায় শিবচর উপজেলাধীন প্রস্তাবিত বিভিন্ন প্রকল্প সংক্রান্ত**

**আলোচনাঃ** সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, **"উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)-** এর আওতায় স্কীমসমূহ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত ও অনুমোদন করণসহ সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) তে দরপত্র আহবান করার বিষয়ে আলোচনা করা হলে সভার সকল সদস্য একমত পোষণ করেন এবং এলটিএম পদ্ধতিতে বিল পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়

| ক্রমিক নং | কাজের নাম | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | উপজেলা মুক্তিযোদ্ধা ভবন মেরামত কাজ। | ৬০৪১০৬.০০ | |
| ২ | শিল্পকলা একাডেমী মেরামত ও মঞ্চ সহ রং করন কাজ। | ৫৫৩২৫৩.০০ | |
| ৩ | অফিসার্স ক্লাব মেরামত ও আসবাবপত্র ক্রয় ও সরবরাহ কাজ। | ১১৫১৫৭১.০০ | |
| ৪ | বহেরাতলা (উত্তর) ইউনিয়নের মায়া বেগমের বাড়ীর সড়ক আরসিসি করণ কাজ। | ১৪৬৮০০৩.০০ | |
| ৫ | বহেরাতলা উত্তর শাকিলের বাড়ী হইতে রাজু শিকদারের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি সিসি দ্বারা উন্নয়ন কাজ। | ২১৫৮৪২৮.০০ | |
| ৬ | উমেদপুর কাঁচিকাটা বিসি সড়ক হইতে ড. কামরুজ্জামান মিলনের বাড়ী ভায়া আকফাত খান বাড়ী পর্যন্ত সড়ক সিসি দ্বারা উন্নয়ন কাজ। | ১৫৫১৪১০.০০ | |
| ৭ | গোয়ালকান্দা মোড় হইতে নদীর পাড় পর্যন্ত সড়ক এইচবিবি দ্বারা উন্নয়ন কাজ। | ৫৫০০০০.০০ | |
| ৮ | কুতুবপুর সড়কের আক্কাস হাওলাদারের বাড়ী হইতে শাখাওয়াত মোড়লের বাড়ীর রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন কাজ। | ১০৭০৬৫৯.০০ | |
| ৯ | উপজেলার শিল্পকলার একাডেমী ও প্রশিক্ষণ কেন্দ্রের বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ২৭৫০০০০.০০ | |
| ১০ | উমেদপুর ইউনিয়ন ৪ নং ওয়ার্ডে,কাবিলপুর পাকা রাস্তা হইতে খোকন শেখের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন কাজ। | ১৯৬৯৯০.০০ | RFQ |
| ১১ | উপজেলা ৫০০ আসন বিশিষ্ট লিটন চৌধুরী অডিটোরিয়ামের স্টেজসহ দোতলা কক্ষ মেরামত করণ কাজ। | ১২৮৫০০০.০০ | |
| ১২ | ভদ্রাসন ওমেদ আলী জিপিএস হইতে এসপি ছালাম এর বাড়ী পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন কাজ। | ১৯২৭২০০.০০ | |
| ১৩ | উপজেলা পরিষদের র‍্যাম্প সংলগ্ন মটরও ট্যাংকিসহ টিউবওয়েল স্থাপন কাজ। | ১০০০০০.০০ | RFQ |
| ১৪ | শিবচর থানায় সিসি টিভি ক্যামেরা এবং সাভার রুম স্থাপন কাজ। | ২০৫০০০০.০০ | |
| ১৫ | উপজেলা পরিষদ সভা কক্ষের কনফারেন্স টেবিল, ফার্নিচার, সাউন্ড সিস্টেম, অল ইন ওয়ান মাল্টিমিডিয়া স্থাপন কাজ। | ১৭৫০০০০.০০ | |
| ১৬ | ভান্ডারীকান্দি ইউজেডআর-৬, নূর মোহাম্মাদ মাদবরের বাড়ী হতে ধলু মোহরীর বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করণ কাজ। | ১৯২০০০০.০০ | |
| ১৭ | দত্তপাড়া ইউনিয়নের সূর্য্য নগর রেলওয়ের আন্ডার পাস হতে ইলিয়াছ আহমেদ চৌধুরী কলেজ পর্যন্ত রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন কাজ। | ২৪০২০০০.০০ | |
| ১৮ | ঢাকা-ভাঙ্গা মহাসড়কের সন্যাসিরচর মোল্লা বাড়ি স্ট্যান্ডড হতে সামসু সরদারের বাড়ি পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন কাজ। | ৩৬৬৩৫০০.০০ | |
| ১৯ | উপজেলা পরিষদের ০৩টি বাথরুম মেরামত | ১৮০৫০০.০০ | RFQ |
| ২০ | মাদবরেরচর ইউনিয়নের অন্তর্গত মাদবরেরচর বাস স্ট্যান্ড এইচবিবি দ্বারা উন্নয়ন কাজ। | ৪০০০০০০.০০ | |
| ২১ | শিবচর উপজেলা পরিষদের অতিথি ভবন এর ৩ (তিন) টি এসি সরবরাহ এবং মেরামত করণ কাজ। | ৫০০০০০.০০ | RFQ |
| ২২ | জয়বাংলা ব্রীজের রেলিং মেরামত কাজ। | ৩২৫০০০.০০ | |
| ২৩ | মনু কাজীর দোকান হতে ডিসি রোডের ভাংগা অংশের জরুরী মেরামত কাজ। | ৭৫০০০০.০০ | RFQ |
| | মোট টাকা= | ৩২৯০৭৬২০.০০ | |
| | | | |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২৩-২৪ অর্থ বৎসরে **"উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)**- এর আওতায় অত্র শিবচর উপজেলাধীন উপরোক্ত স্কীম সমূহ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত ও অনুমোদন করণসহ সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) তে দরপত্র আহবান করে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতঃ ঠিকাদার নির্বাচনসহ চুক্তি সম্পাদন এবং কার্যাদেশ পত্র প্রদানসহ সকল প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে চূড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা ঃ-০৬ বকেয়া বিলের পাওনা পরিশোধ সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, গত ২০২২-২৩ অর্থ বৎসরের গৃহীত নিম্নেবর্ণিত স্কীম সমূহের কাজের আংশিক ক্রটি থাকায় চূড়ান্ত পাওনা পরিশোধ করা হয় নাই। যাহা ২০২২-২৩ অর্থ বৎসরের ব্যাক লক পাওনার হিসাব রয়েছে। চলতি অর্থ বছর উপজেলা উন্নয়ন তহবিল হতে ঠিকাদারের বকেয়া পাওয়া পরিশোধ করা প্রয়োজন।

| ক্রমিক নং | কাজের নাম | চূড়ান্ত বিলের পরিমাণ | পরিশোধিত বিলের টাকা | বকেয়া পাওনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | বন্দরখোলা ইউপি ভবন নির্মাণ। Package No: e-UDF/Shib/2022-23/01 | ১২৫৯৪০০.০০ | ১২০০০০০.০০ | ৫৯৪০০.০০ | |
| ০২ | শিরুয়াইল ইউনিয়নের শিরুয়াইল উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। Package No: eUDF/Shib/2022-23/07 | ১৫৪৮৪৫৫.০০ | ১৪৭৫০০০.০০ | ৭৩৪৫৫.০০ | |
| ০৩ | মানিকপুর উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। Package No: e-UDF/Shib/2022-23/08 | ১৯২০৫৮৫.০০ | ১৮২৯২৩৬.০০ | ৯১৩৪৯.০০ | |
| ০৪ | সন্যাসির চর ইউনিয়নের রাজারচর মোল্যা কান্দি হাই স্কুলের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। Package No: e UDF/ Shib/2022-23/10 | ২২৫৯৮৫৬.০০ | ১১২৩০০০.০০ | ১১৩৬৮৫৬.০০ | |
| ০৫ | শিবচর উপজেলাধীন ইউটিডিসি ভবনের সামনে পার্কিং এর চতুর্পার্শ্বে আরসিসি ড্রেন নির্মাণ কাজ। Package No: e-UDF/Shib/2022-23/03 | ২০৯৩৩৪৭.০০ | ১৯৯৪০৭০.০০ | ৯৯২৭৭.০০ | |
| ০৬ | উৎরাইল মহিলা দাখিল মাদ্রাসার বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। Package No: e-UDF/Shib/2022-23/04 | ১৯৪২১৩০.০০ | ১৮৫০০০০.০০ | ৯২১৩০.০০ | |
| ০৭ | শিকদার হাট উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল ও গেইট নির্মাণ কাজ।Package No: e-UDF/Shib/2022-23/05 | ২০৪৯৪৪০.০০ | ০.০০ | ২০৪৯৪৪০.০০ | |
| ০৮ | শিকদার হাট উচ্চ বিদ্যালয়ের প্রবেশের রাস্তা ও শিকদারহাট বাজারের অভ্যন্তরে রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন । Package No: e-UDF/Shib/2022-23/06 | ১৪৯৫০০০.০০ | ০.০০ | ১৪৯৫০০০.০০ | |
| ০৯ | ক) নুরুনদ্দিন কান্দি এসইএসডিপি মডেল হাইস্কুল রং করন এবং (খ) মহামান্য রাষ্ট্রপতি আগমন উপলক্ষে সূর্য্য নগর হতে উৎরাইল বাজার রাস্তায় গাছে রং করন। Package No: e-UDF/Shib/2022-23/09 | ৩৭৮৮৬৪.০০ | ৩৬০৮৯২.০০ | ১৭৯৭২.০০ | |
| ১০ | দৌলতপুর বাজারে পাবলিক টয়লেট নির্মাণ। (সন্যাসিরচর) প্যাকেজ: UDF/Shib/2022-23/33 | ৫১০০০০.০০ | ০.০০ | ৫১০০০০.০০ | |
| ১১ | মরহুম ইলিয়াছ আহমেদ চৌধুরী হল রুম এর বাথ রুম পূণঃ নির্মাণ কাজ। (উপজেলা পরিষদ) প্যাকেজ: UDF/Shib/2022-23/35 | ১০০০০০০.০০ | ০.০০ | ১০০০০০০.০০ | |
| | সর্বমোট= | ১৬৪৫৭০৭৭.০০ | ৯৮৩২১৯৮.০০ | ৬৬২৪৮৭৯.০০ | |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, গত ২০২২-২৩ অর্থ বৎসরে **"উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)**- এর আওতায় উপরোক্ত স্কীম সমূহের বকেয়া পাওনা চলতি ২০২৩-২৪ অর্থ বৎসরের বরাদ্দ থেকে চূড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

CamScanner

**বিবিধ আলোচনা-০৭ঃ জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনাঃ** মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন করেছেন এবং তথ্য বাতায়নে নিয়মিত তথ্য আপলোড করার নির্দেশ প্রদান করেছেন। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে সকল বিভাগীয় প্রধান ও ইনোভেশন টিমের সদস্যগণ এবং ইউনিয়ন পরিষদের সকল উদ্যোক্তাগণকে নিয়মিত ওয়েব পোর্টালে সংযোজিত তথ্যসমূহের গুনগত মান যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগণ ও উদ্যোক্তগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত তথ্যসমূহ যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন।

**বাস্তবায়নেঃ** ১। উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ।
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) শিবচর,মাদারীপুর।

**বিবিধ আলোচনা-৪০৮ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান, শিবচর,মাদারীপুর এর আলোচনাঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ শিবচর, মাদারীপুর বর্তমান সরকারের উন্নয়নমূলক কাজে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান এবং উপজেলা পরিষদ থেকে যে সকল জনগুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে তা দ্রুত বাস্তবায়ন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। এছাড়া সকল বিভাগীয় প্রধানগণকে তাদের নিজ নিজ দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

30.08.2023

(আঃ লতিফ মোল্লা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২৩-৬১১ তারিখঃ ৩০-৮-২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫। জেলা প্রশাসক, মাদারীপুর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শিবচর, মাদারীপুর।
৭। মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
৯। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।
১০। চেয়ারম্যান ..........................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।
১১। জনাব ............................................. শিবচর, মাদারীপুর।
১২। অফিস কপি

৩০.০৮.২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর,মাদারীপুর।